

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
সরকারি ও সিনিয়র মাদ্রাসা শাখা
গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড,
ঢাকা-১০০০।
www.dme.gov.bd



স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.৩৯.০০১.২১.১৪৪

তারিখ: ২৭ মাঘ ১৪২৮

১০ ফেব্রুয়ারি ২০২২

বিষয়: কুড়িগ্রাম জেলার সদর উপজেলাধীন ইসলামপুর মাখযানুল উলুম বহুমুখী ফাজিল মাদ্রাসার এমপিওশীটে প্রভাষক(গণিত) জনাব মো: আব্দুল হামিদ (ইনডেক্স নং-N2098259) এর ব্যাংক হিসাব নম্বর সংশোধন প্রসঙ্গে।

সূত্র: (১) ইসলামপুর মাখযানুল উলুম বহুমুখী ফাজিল মাদ্রাসার স্মারক নং- ই,ফা,মা/কুড়ি/২০২১/৬; তারিখ: ০৩/০২/২০২১ খ্রি.

(২) উপজেলা নির্বাহী অফিসার, সদর, কুড়িগ্রাম এর প্রত্যয়ন/স্মারক নং- উমাশিঅ/কুড়ি/সদর/২০২১/৩৬; তারিখ: ০২/০৩/২০২১ খ্রি:

(৩) জনাব মোসাম্মৎ ফেরদৌসী আলম, পরিদর্শক (সহযোগী অধ্যাপক)মাশিঅ এর তদন্ত প্রতিবেদন, তারিখ: ১০/০১/২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কুড়িগ্রাম জেলার সদর উপজেলাধীন ইসলামপুর মাখযানুল উলুম বহুমুখী ফাজিল মাদ্রাসার এমপিওশীটে প্রভাষক(গণিত) জনাব মো: আব্দুল হামিদ (ইনডেক্স নং-N2098259) এর ব্যাংক হিসাব নম্বর সংশোধন আবেদন বর্ণিত মাদ্রাসার অধ্যক্ষ কর্তৃক সূত্রোক্ত ১ নং স্মারকে অত্র অধিদপ্তরে অগ্রায়ন করা হয় (সংযুক্ত)।

২। অগ্রায়নপত্র এবং সংযুক্ত ডকুমেন্টস্ পর্যালোচনা করে দেখা যায় যে, জনাব মো: আব্দুল হামিদ বর্ণিত মাদ্রাসায় ২৫/০৬/২০১১ খ্রিঃ তারিখে প্রভাষক(গণিত) পদে যোগদান করেন এবং ফেব্রুয়ারী/২০১৩ মাসে প্রথম এমপিওভুক্ত হয়ে বর্তমানে একই পদে কর্মরত আছেন। প্রথম এমপিও শীটে জনাব মো: আব্দুল হামিদ ব্যাংক হিসাব নম্বর **84444828** যা বর্তমান পর্যন্ত চলমান রয়েছে।

৩। প্রভাষক(গণিত) জনাব মো: আব্দুল হামিদ (ইনডেক্স নং-N2098259) এর ব্যাংক হিসাব নম্বর **5208434102827** সংযোজন বিষয়ে “পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অগ্রায়ন করা হলো” মর্মে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, কুড়িগ্রাম কর্তৃক সূত্রোক্ত ২ নং স্মারকে অগ্রায়ন প্রদান করা হয়।

৪। পরবর্তীতে আনুষ্ঠানিক ডকুমেন্ট যাচাই/তদন্তপূর্বক সুনির্দিষ্ট মতামত প্রমাণকসহ প্রতিবেদন প্রদানের জন্য জনাব মোসাম্মৎ ফেরদৌসী আলম, পরিদর্শক (সহযোগী অধ্যাপক), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরকে যাচাই/ তদন্ত কর্মকর্তা হিসেবে নিযুক্ত করা হলে তদন্ত কর্মকর্তাগণ নিম্নোক্ত রূপে সুপারিশ প্রদান করেন:-“ কুড়িগ্রাম জেলার সদর উপজেলাধীন ইসলামপুর মাখযানুল উলুম ফাজিল মাদ্রাসার এমপিওশীটে প্রভাষক (গণিত) জনাব মো: আব্দুল হামিদ/MD ABDUL HAMID (ইনডেক্স-N2098259) এর আবেদন অনুসারে চেক বইয়ে উল্লেখিত সঞ্চয়ী হিসাব নং, ব্যাংক স্টেটমেন্ট, ব্যবস্থাপক, সেনালী ব্যাংক, কুড়িগ্রাম শাখা এর প্রত্যয়ন ইত্যাদি বিবেচনায় এমপিওশীটে ব্যাংক হিসাব নম্বর-**84444828** এর স্থলে অনলাইন ব্যাংক হিসাব নং- **5208434102827** সংশোধন করার সুপারিশ করা হলো।”

৫। অধ্যক্ষের এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, কুড়িগ্রাম এর অগ্রায়ন এবং তদন্ত কর্মকর্তার সুপারিশ এর ভিত্তিতে প্রতিকার প্রার্থী জনাব মো: আব্দুল হামিদ, প্রভাষক(গণিত) এর তথ্য এবং প্রার্থীত পদবী নিম্নরূপঃ

ক্রমিক নং	নাম, পদবী,ইনডেক্স ও প্রতিষ্ঠানের ঠিকানা	প্রভাষক(গণিত) পদে যোগদানের তারিখ এবং এমপিওভুক্তির তারিখ	এমপিও শীটে বিদ্যমান ব্যাংক হিসাব নং	প্রার্থীত চাহিত ব্যাংক হিসাব নং	মন্তব্য

০১	জনাব মো: আব্দুল হামিদ (ইনডেক্স নং- N2098259), প্রভাষক(গণিত), ইসলামপুর মাখয়ানুল উলুম বহুমুখী ফাজিল মাদ্রাসা, সদর, কুড়িগ্রাম।	২৫/০৬/২০১১ খ্রিঃ এবং ফেব্রুয়ারী/২০১৩	84444828	52084 34102827	এমপিও শীটে আবেদনকারী প্রার্থীর চাহিত ব্যাংক হিসাব নং 5208434102827 সংশোধন যোগ্য।
----	--	---	----------	-------------------	--

৫। এমতাবস্থায়, প্রতিকার প্রার্থীর আবেদন, অধ্যক্ষের এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের অগ্রায়ন এবং তদন্ত কর্মকর্তার সুপারিশ মোতাবেক কুড়িগ্রাম জেলার সদর উপজেলাধীন ইসলামপুর মাখয়ানুল উলুম বহুমুখী ফাজিল মাদ্রাসার এমপিওশীটে প্রভাষক(গণিত) জনাব মো: আব্দুল হামিদ (ইনডেক্স নং-N2098259) ব্যাংক হিসাব নং 5208434102827 সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
শর্তসমূহ: ১। পরবর্তীতে কোন তথ্য ভুল/মিথ্যা প্রমাণিত হলে সংশ্লিষ্ট আবেদনকারী, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান, সংশ্লিষ্ট তদন্তকারী কর্মকর্তাগণ দায়ী থাকবে।

২। সরকারের অর্থের কোন প্রকার অপচয়/তছরুফ হলে সংশ্লিষ্ট আবেদনকারী, প্রতিষ্ঠান প্রধান উক্ত অর্থ ফেরত দিতে বাধ্য থাকিবে।

৩। পরবর্তীতে নিয়োগ সংক্রান্ত/অন্যান্য ডকুমেন্টস্ ভুল/মিথ্যা/জাল প্রমাণিত হলে উক্ত শিক্ষক সরকারের যে কোন আইনানুগ শাস্তি গ্রহণে বাধ্য থাকবে।

৪। প্রতিকার প্রার্থী জনাব মো: আব্দুল হামিদ, প্রভাষক(গণিত) কোন প্রকার বকেয়া দাবি করতে পারবেনা।

সংযুক্তি: আট (০৮) ফর্দ।



১০-২-২০২২

কে. এম. রুহুল আমীন

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

পরিচালক (প্রশাসন ও অর্থ) ও প্রকল্প পরিচালক, মাদ্রাসা
শিক্ষা ব্যবস্থাপনা ও ইনফরমেশন সিস্টেম (মেমিস),
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.৩৯.০০১.২১.১৪৪/১(৬)

তারিখ: ২৭ মাঘ ১৪২৮

১০ ফেব্রুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিবের একান্ত সচিব (উপসচিব), সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।

২) উপ-পরিচালক, উপ-পরিচালক (প্রশাসন) এর দপ্তর, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

৩) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, জেলা শিক্ষা অফিস, কুড়িগ্রাম।

৪) সভাপতি/অধ্যক্ষ/প্রতিকার প্রার্থী জনাব মো: আব্দুল হামিদ, প্রভাষক(গণিত), ইসলামপুর মাখয়ানুল উলুম বহুমুখী ফাজিল মাদ্রাসা, সদর, কুড়িগ্রাম।

৫) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, কুড়িগ্রাম।

৬) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।



১০-২-২০২২

মোঃ আফাজ উদ্দিন

সহকারী পরিচালক